"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মহেশখালী, কক্সবাজার।

উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণীঃ

| | |
|---|---|
| সভাপতি | ঃ জনাব মোহাম্মদ শরীফ বাদশা, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহেশখালী, কক্সবাজার। |
| সভার স্থান | ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, মহেশখালী। |
| সভার তারিখ | ঃ ১৭/১০/২০২১ খ্রিঃ। |
| সভার উপস্থিতি | ঃ পরিশিষ্ট ''ক'' তে সন্নিবেশিত। |

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালীকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। তৎপ্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালী সভার কর্মসূচী অনুযায়ী বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিভিন্ন বিভাগের উন্নয়নমূলক কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করার জন্য উপজেলা নির্বাহী অফিসারসহ সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| **আলোচনা-১ (স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর): উপজেলা প্রকৌশলী, মহেশখালী বলেন,** Gov Maintenance এর অধীনে ০৮ (আট) টি সড়কের কাজ শুরু হয়েছে। সড়কসমূহ-ক) গোরকঘাটা-শাপলাপুর জনতা বাজার সড়ক; খ) বরুনাঘাট-আদিনাথ মন্দির সড়ক; গ) সিপাহীরপাড়া মুদিরছড়া সড়ক; ঘ) খালেদা জিয়া সড়ক (গোলাপির বাপের কবর জাগিরাঘোনা মসজিদ সড়ক); ঙ) মাতারবাড়ী ধলঘাটা সড়ক ভায়া মগডেইল সড়ক; চ) লালা মোহাম্মদ সিকদারপাড়া ভায়া আশ্রয়ন প্রকল্প সড়ক; ছ) ছোট মহেশখালী সিপাহীরপাড়া (প্রাইমারী স্কুল সড়ক); জ) গোরকঘাটা শাপলাপুর জনতা বাজার সড়ক (কালভার্ট); ঝ) সিপাহীরপাড়া মুদিরছড়া সড়ক (কালভার্ট)।<br><br>বৃহত্তর চট্টগ্রাম গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প-৩ আওতায় ০৪ (চার) টি সড়কের কাজ চলমান আছে। সড়কসমূহ-ক) দেবাঙ্গাপাড়া মুন্সিরডেইল সড়ক এইচবিবি দ্বারা উন্নয়ন; খ) মধ্য ঘটিভাংগা সড়ক এইচবিবি দ্বারা উন্নয়ন; গ) হোয়ারক আরএইচডি হরিয়ারছড়া শাপলাপুর বিসি দ্বারা উন্নয়ন; ঘ) পুরানো সিটিমার গেইড এইচবিবি দ্বারা উন্নয়ন।<br><br>বঙ্গবন্ধু মুরাল তৈরী করার জন্য স্থানীয় সরকার বিভাগ হতে ৬,৫০,০০০/- টাকা রাজস্ব তহবিল হতে ব্যয় করার নির্দেশনা প্রদান করা হয়।<br><br>উপজেলা অডিটোরিয়াম এর জন্য ২০০ টি প্লাস্টিক চেয়ার এবং ২০ টি আর্মলেজ চেয়ার ক্রয় করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।<br><br>উপজেলার অডিটোরিয়াম ও পরিষদের বাসা মেরামতের জন্য ৫,০০,০০০/- টাকা রাজস্ব তহবিল হতে ব্যয় করতে হবে। | Gov Maintenance এর অধীনে ও বৃহত্তর চট্টগ্রাম গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প-৩ আওতায় এর প্রকল্পের কাজ প্রাক্কলন অনুযায়ী যথাসময়ে সমাপ্ত করার জন্য উপজেলা প্রকৌশলী, মহেশখালীর দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>স্থানীয় সরকার বিভাগ, জেলা পরিষদ অধিশাখা এর স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৬.১৬.০১০.১৯-১৭৬, তারিখঃ ০২/০২/২০২০ খ্রিঃ মূলে বঙ্গবন্ধু মুরাল তৈরী বিষয়ে প্রাক্কলন অনুযায়ী যথাসময়ে প্রকল্পের কাজ সমাপ্ত করার জন্য উপজেলা প্রকৌশলী, মহেশখালীর দৃষ্টি আকর্ষণ করেন এবং উক্ত ৬,৫০,০০০/- টাকা রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>কোটেশন প্রক্রিয়ার মাধ্যমে প্রাক্কলন প্রস্তুতপূর্বক উপজেলা অডিটোরিয়াম এর জন্য ২০০ টি প্লাস্টিক চেয়ার ক্রয়ের বিষয়ে উপজেলা প্রকৌশলী, মহেশখালীর দৃষ্টি আকর্ষণ করেন এবং উক্ত অর্থ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>উপজেলার অডিটোরিয়াম ও পরিষদের বাসা মেরামতের বিষয়ে প্রাক্কলন প্রস্তুত করে কাজ সমাপ্তকরনের নিমিত্তে উক্ত ৫,০০,০০০/- টাকা রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, মহেশখালী। |

| | | |
|---|---|---|
| **আলোচনা-২ (ত্রাণ শাখা): উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,মহেশখালী বলেন**, ২০১৮-১৯ অর্থবছরে 'বহুমুখী ঘূর্ণিঝড় আশ্রয়ণ কেন্দ্র নির্মাণ প্রকল্প'র আওতায় ০৪ টি ঘূর্ণিঝড় আশ্রয়ণ কেন্দ্র নির্মাণ কাজ চলমান রয়েছে। গড় অগ্রগতি ৮৫%।''<br><br>২০১৯-২০২০ অর্থবছরে 'অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান' কর্মসূচির আওতায় ৩,৩১৫ কার্ডের বিপরীতে শ্রম-মজুরী বাবদ ২,৫১,৪৪,০০০/- টাকা, নন-ওয়েজ কস্ট বাবদ ১৩,৩৪,৬০২/- টাকা ও সরদারী মজুরী বাবদ ১,৪৪,০০০/- টাকা সর্বমোট ২,৬৬,২২,৬০২/- টাকার বরাদ্দ পাওয়া গেছে।<br><br>২০১৯-২০২০ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) উপজেলা পরিষদ ভিত্তিক ১ম পর্যায় উন্নয়ন খাতে ৯৩.৩৯৫১ মেঃ টন গম, গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) উপজেলা পরিষদ ভিত্তিক ১ম পর্যায় সোলার খাতে ২৮,৪৮,৫৭২.৩৮ টাকা, গ্রামীণ অবকাঠামো সংস্কার (টি.আর) উপজেলা পরিষদ ভিত্তিক ১ম পর্যায় উন্নয়ন খাতে ২৩,৭৬,০৬৭.৩৫ টাকা ও গ্রামীণ অবকাঠামো সংস্কার (টি.আর) উপজেলা পরিষদ ভিত্তিক ১ম পর্যায় সোলার খাতে ২০,৪৭,৮৭৩.০৫ টাকার বরাদ্দ আদেশ পাওয়া গেছে।<br><br>২০১৯-২০২০ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) উপজেলা পরিষদ ভিত্তিক ২য় পর্যায় উন্নয়ন খাতে ৯৩.৩৯৫১ মেঃ টন গম, গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) উপজেলা পরিষদ ভিত্তিক ২য় পর্যায় সোলার খাতে ২৮,৪৮,৫৭২.৩৮ টাকা, গ্রামীণ অবকাঠামো সংস্কার (টি.আর) উপজেলা পরিষদ ভিত্তিক ২য় পর্যায় উন্নয়ন খাতে ২৩,৭৬,০৬৭.৩৫ টাকা ও গ্রামীণ অবকাঠামো সংস্কার (টি.আর) উপজেলা পরিষদ ভিত্তিক ২য় পর্যায় সোলার খাতে ২০,৪৭,৮৭৩.০৫ টাকার বরাদ্দ আদেশ পাওয়া গেছে।<br><br>তিনি আরো বলেন, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ের জন্য (UDMIC) Cum Relief Godown (উপজেলা ত্রাণ গুদাম) নির্মান করার জন্য উপজেলা পরিষদ সংলগ্ন ডরমেটরী ভবনের দক্ষিণ পূর্ব পার্শ্বের খালি জায়গায় স্থান নির্ধারণপূর্বক সংশ্লিষ্টের বরাবর প্রস্তাবনার ছকসহ প্রয়োজনীয় কাগজপত্রাদি প্রেরণ করা যেতে পারে। | 'বহুমুখী ঘূর্ণিঝড় আশ্রয়ণ কেন্দ্র নির্মাণ প্রকল্প'র আওতায় চলমান কাজ যথাযথভাবে দ্রুততম সময়ে ১০০% সম্পন্ন করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মহেশখালীকে অনুরোধ করা হয়।<br><br>২০১৯-২০২০ অর্থ বছরে 'অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি'র প্রকল্পের কাজ যথাযথভাবে সমাপ্ত করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মহেশখালীকে অনুরোধ করা হয়।<br><br>২০১৯-২০২০ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) ও রক্ষণাবেক্ষণ ১ম পর্যায়ের টি.আর কর্মসূচির আওতায় মাঠ পর্যায়ের বাস্তবায়ন কার্যক্রম চলমান। উন্নয়ন খাতের অগ্রগতি ৬০% ও সোলার কাজের অগ্রগতি ৫০%। স্বল্প সময়ের মধ্যে উক্ত প্রকল্পের ১০০% কাজ সম্পন্ন করার পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br><br>২০১৯-২০২০ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) ও রক্ষণাবেক্ষণ টি.আর কর্মসূচির আওতায় ২য় পর্যায়ের সঠিক তালিকা প্রণয়নপূর্বক জেলা প্রশাসক, কক্সবাজার মহোদয়ের বরাবর অনুমোদনের জন্য প্রেরণ করতে হবে।<br><br>এ উপজেলার বরাদ্দ প্রাপ্ত ত্রাণ সংরক্ষনের জন্য ত্রাণ গুদাম ঘর প্রস্তাবনা প্রেরণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মহেশখালীকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | ০১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মহেশখালী।<br><br>০২। চেয়ারম্যান, সকল ইউপি, মহেশখালী। |
| আলোচনা-০৩ঃ উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মহেশখালী সভায় জানান যে, ২০১৯-২০২০ অর্থ বছরের প্রতিবন্ধী শিক্ষার্থী উপবৃত্তির জন্য স্বরভিত্তিক বরাদ্দ অনুযায়ী (প্রতিটি ইউনিয়নে ৩৫ জন; প্রাথমিক স্বরে ৬ জন, মাধ্যমিক স্বরে ৬ জন, উচ্চ মাধ্যমিক স্বরে ৪ জন ও উচ্চতর স্বরে ৪ জন) শিক্ষার্থী নির্বাচন করা হবে। শিক্ষার্থী নির্বাচন স্ব স্ব ইউনিয়ন পরিষদে/পৌরসভা ভবনে অনুষ্ঠিত হবে। এতে উপজেলা সমাজসেবা কার্যালয়ের একজন স্টাফ/প্রতিনিধি ও উপজেলা পরিষদ চেয়ারম্যানের একজন প্রতিনিধি উপস্থিত থাকবেন। এই নির্বাচন কার্যক্রম সফল করার জন্য উক্ত অনুষ্ঠানে সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যান/ইউপি সচিব ও পৌরসভার মেয়র/সচিবকে উপস্থিত থাকার বিশেষভাবে | প্রকৃত প্রতিবন্ধী শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদানের ক্ষেত্রে সঠিকভাবে যাচাই-বাছাই করে তালিকা প্রণয়নপূর্বক বৃত্তি প্রদানের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মহেশখালী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | ১। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মহেশখালী।<br><br>২। চেয়ারম্যান (সকল), মহেশখালী ইউপি।<br><br>৩। মেয়র, মহেশালী পৌরসভা। |

| | | |
|---|---|---|
| চেয়ারম্যানকে বলেন Watson কমিটি গঠন করার জন্য জনস্বাস্থ্য প্রকৌশলী, মহেশখালী এর দৃষ্টি আকর্ষণ করা হয়। | | |
| আলোচনা-১১: জনাব আলহাজ্ব মোঃ শরীফ বাদশা, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহেশখালী বলেন, ''উপজেলার সার্বিক উন্নয়ন কার্যক্রমের সমন্বয় সাধনের উদ্দেশ্যে উপজেলা পরিষদের মাসিক সভা অনুষ্ঠিত হয়। সভায় বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনার জন্য সব দপ্তর প্রধানের উপস্থিতি আবশ্যক। কিন্তু লক্ষ্যে করা যাচ্ছে যে, অনেক দপ্তর প্রধান পূর্বানুমতি ব্যতিরেকে সভায় অনুপস্থিত থাকেন। ফলে সংশ্লিষ্ট দপ্তরে সম্পর্কিত অনেক গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা করা সম্ভব হয় না। এতে সভার মূল লক্ষ্যে ও উদ্দেশ্য ব্যাহত হয়।'' এজন্য তিনি সকল দপ্তর প্রধানগণকে নিয়মিত সভায় উপস্থিত হওয়ার জন্য অনুরোধ জানান। অন্যাথায় অনুপস্থিত সদস্যদের অনুপস্থিতির বিষয়ে সংশ্লিষ্ট উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিতকরার জন্য তিনি উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালীকে অনুরোধ জানান। | ক) উপজেলা পরিষদের মাসিক সভায় নিয়মিত উপস্থিত হওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।<br><br>খ) অনুপস্থিত সদস্যদের বিষয়ে সংশ্লিষ্ট উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করার জন্য তিনি উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালীকে অনুরোধ করা হয়। | ০১। উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালী।<br><br>০২। সংশ্লিষ্ট সকল। |

17.10.21

(মোহাম্মদ শরীফ বাদশা)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
মহেশখালী, কক্সবাজার।

স্মারক নং-০৫.২০.২২৪৯.০০০.০৭.০১.২০১৮-৪৫৮ তারিখঃ ১৭/১০/২০২০ খ্রিঃ।

অনুলিপিঃ-সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য:

০১। মাননীয় সংসদ সদস্য, কক্সবাজার-০২ (মহেশখালী-কুতুবদিয়া)।
০২। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
০৪। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৫। জেলা প্রশাসক, কক্সবাজার।
০৫। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সওজ/পাউবো, কক্সবাজার।
০৬। উপজেলা.................................................... কর্মকর্তা, মহেশখালী, কক্সবাজার।
০৭। জনাব..........................................................................................
০৮। অফিস নথি।

17/10/20

(মোঃ মাহফুজুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
মহেশখালী, কক্সবাজার।

অক্টোবর/২৩ মাসের উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থিতির স্বাক্ষর ঃ

| ক্রমিক | নাম ও পদবী | মোবাইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | | | |
| ০২ | মো: আব্দুল হাই [illegible] | 01320-108627 | [signature] |
| ০৩ | [illegible] | 01818026417 | [signature] |
| ০৪ | [illegible] UAPO | 01816-524910 | [signature] |
| ০৫ | [illegible] | 01718436735 | [signature] |
| ০৬ | [illegible] | 01715-011194 | [signature] |
| ০৭ | [illegible] | 01711-015512 | [signature] |
| ০৮ | [illegible] | 01816352046 | [signature] |
| ০৯ | [illegible] | 01776080000 | [signature] |
| ১০ | [illegible] | 01823-011991 | [signature] |
| ১১ | [illegible] | [illegible] | [signature] |
| ১২ | [illegible] | 01820019869 | [signature] |
| ১৩ | [illegible] | 01817-220050<br>01815-031761 | [signature] |
| ১৪ | [illegible] | 01755-11991<br>01821156334 | [signature] |
| ১৫ | [illegible] | 01819-639375 | [signature] |
| ১৬ | [illegible] | 01833807476 | [signature] |
| ১৭ | [illegible] | 01718446424 | [signature] |